দৈনিক ইত্তেফাক

3 JAN 2017
6 ... 6

# গবেষণার ক্ষেত্রে বঙ্গবন্ধু মেডিক্যাল বিশ্ববিদ্যালয় বিশ্ব র‍্যাংকিংয়ে এগিয়েছে

■ বিশেষ প্রতিনিধি

গবেষণার ক্ষেত্রে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় (বিএসএমএমইউ) বিশ্ব র‍্যাংকিংয়ে এগিয়েছে। দেশের একমাত্র মেডিক্যাল বিশ্ববিদ্যালয় বিএসএমএমইউ'র ৭টি অনুষদে ৫৩টি বিভাগ রয়েছে। অধিভুক্ত কলেজের সংখ্যা ৪২টি। ৯০টিরও বেশি উচ্চতর মেডিক্যাল শিক্ষা বিষয়ক কোর্স এ বিশ্ববিদ্যালয় থেকে পরিচালিত হচ্ছে। গবেষণায় সাফল্যের কারণে বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয় সম্প্রতি স্পেনের সিমাগো রিসার্চ গ্রুপ ও যুক্তরাষ্ট্রের স্কপাস প্রকাশিত জরিপে দেখা গেছে এটি দেশের ১১টি বিজ্ঞান গবেষণা প্রতিষ্ঠানের মধ্যে ৫ম স্থান অধিকার করেছে। এ বিশ্ববিদ্যালয়ে এ পর্যন্ত মোট ১৪৪৭টি গবেষণা কর্ম সম্পন্ন করা হয়েছে। ২০১৬ সালে ৭০ জন শিক্ষক ও ২০০ জন শিক্ষার্থীকে গবেষণার জন্য অনুদান দেওয়া হয়েছে। এরআগে বিশ্ববিদ্যালয়টি বিশ্ব র‍্যাংকিংয়ে ছিল ৬৭১তম। সম্প্রতি প্রকাশিত র‍্যাংকিংয়ে দেখা গেছে বিশ্ববিদ্যালয়টির অবস্থান ৬৪০তম।

বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক ডা. শরফুদ্দিন আহমেদ বলেন, আন্তর্জাতিক র‍্যাংকিংয়েও বিশ্ববিদ্যালয়টির অগ্রগতি হয়েছে। উপাচার্য, অধ্যাপক ডা. কামরুল হাসান খান বলেন, এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পাশাপাশি শিক্ষার্থীদেরও পাঁচ বছরের মধ্যে দুই বছর বাধ্যতামূলক গবেষণা করতে হয়। গবেষণা কার্যক্রম আরো সম্প্রসারণের প্রক্রিয়া অব্যাহত রয়েছে।

জাপানের নাগোয়া বিশ্ববিদ্যালয়, ভারতের এইমস, জন হপকিন্স বিশ্ববিদ্যালয়, মাহিদোল বিশ্ববিদ্যালয়, রক ফেলার ফাউন্ডেশন, ইউনিসেফ, আইসিডিডিআর'বি, ইএসএইড, সেভ দি চিলড্রেন ও বিশ্ব স্বাস্থ্য সংস্থার সঙ্গে রয়েছে অংশিদারী গবেষণার চুক্তি। সম্প্রতি যুক্তরাষ্ট্রের শিকাগো ইউনিভার্সিটির সাথে উচ্চতর শিক্ষা ও গবেষণা বিষয়ে দ্বিপাক্ষিক সমঝোতা চুক্তি স্বাক্ষর হয়। শিকাগো ইউনিভার্সিটির পক্ষে চুক্তি স্বাক্ষর করেন এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট ফর মেডিক্যাল এ্যাফেয়ার্স এবং ডিন প্রফেসর কেনথ এস. পোলোস্কি। এ সময় শিকাগো ইউনিভার্সিটির অধ্যাপক ডা. হাবিবুল আহসান, বিএসএমএমইউ'র সহকারী অধ্যাপক ড. মো. খালেকুজ্জামান উপস্থিত ছিলেন।